

২২

জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটির বিভিন্ন পদে নিয়োগ স্থগিত

যাযাবদি রিপোর্ট

জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটির বিভিন্ন পদে নিয়োগ স্থগিত করেছে সরকার। শিক্ষা মন্ত্রণালয়ের এক আদেশে জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটির জারি করা ৯ ও ২২ জানুয়ারি নিয়োগ বিজ্ঞপ্তি স্থগিত করা হয়েছে।

সরকার ইউনিভার্সিটিতে সব নিয়োগ প্রক্রিয়া বন্ধ রাখার নির্দেশ দিয়েছে। এমনকি ২০০৬ সালের জুলাই থেকে ইউনিভার্সিটিতে এ পর্যন্ত যতো নিয়োগ হয়েছে তার একটি তালিকা চেয়ে চিঠি পাঠিয়েছে। তিন দিনের মধ্যে এ তালিকা দেয়ার নির্দেশ দেয়া হয়েছে।

জানা যায়, আগামী ১৯ মার্চ বর্তমান ডাইস চ্যামেলর প্রফেসর মুস্তাহিদুর রহমানের মেয়াদ শেষ হবে। মেয়াদকালে তিনি অতিরিক্ত বেশ কিছু লোক নিয়োগ দিয়েছেন এবং মেয়াদের শেষ মুহুর্তে তিনি আরো কিছু লোক নিয়োগ দেয়ার জন্য বিজ্ঞপ্তিও প্রকাশ করেছেন। নিয়োগ বাণিজ্য বন্ধে সরকার

এমন সিদ্ধান্ত নিয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

নাম প্রকাশে অনিচ্ছুক জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটির এক শিক্ষক বলেন, ইউনিভার্সিটির অ্যাপ্ট অনুযায়ী শিক্ষকদের শিক্ষাদানের জন্য যে পরিমাণ সময় নির্ধারণ করে দেয়া হয়েছে সে তুলনায় অনেক বেশি শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে।

কেবল শিক্ষকই নয়, লাইব্রেরি ও হলসহ বিভিন্ন জায়গায় প্রয়োজনের অতিরিক্ত লোকবল নিয়োগ দেয়া হয়েছে বলে তিনি জানান। বিখণ্ড সূত্রে জানা যায়, প্রয়োজনের অতিরিক্ত লোক নিয়োগ দেয়ার কারণে ইউনিভার্সিটি প্রশাসনকে মাঝে মাঝে নানা ঝাত থেকে টাকা এনে তাদের বেতন দিতে হয়। সময় সময় শিক্ষকদের প্রজিন্ট ফান্ড থেকে টাকা নিয়েও বেতন দেয়া হয় বলে সূত্র জানিয়েছে। সরকার এসব কর্মকাণ্ডের ডিঙিতেই এ সিদ্ধান্ত নিয়েছে বলে মন্ত্রণালয়ে সূত্রে জানা গেছে।